



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ টিচার্স ট্রেনিং কলেজ ক্যাম্পাস, ময়মনসিংহ
ফোন : ০৯১-৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

তারিখঃ ২০/১২/১৮

বিজ্ঞপ্তি

বিষয় : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়, গ্রুপ, শিফট, ভাসন, ছবি পরিবর্তন এবং ভর্তি বাতিল প্রসঙ্গে।

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়, গ্রুপ (আসন শূন্য থাকা সাপেক্ষে), শিফট, ভাসন, ছবি পরিবর্তন এবং ভর্তি বাতিল কার্যক্রম আগামী ১১/১২/২০১৮ তারিখ হতে ২৪/০১/২০১৯ তারিখ পর্ন্তকালবে।

শিক্ষার্থীগণ স্ব স্ব কলেজে তার চাহিদা মোতাবেক আবেদন করলে কর্তৃপক্ষ বোর্ডের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এই ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ বোর্ডের প্রয়োজনীয় ফি শিক্ষার্থীদের নিকট থেকে গ্রহণ করে সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ বরাবর চলতি হিসাব নং ৩৩১৬৭০৩০০০০৯৭ তে সোনালী ব্যাংক, ময়মনসিংহ কর্পোরেট শাখায় জমা দিতে হবে (ডিডি পে-অর্ডার গ্রহণযোগ্য নয়)। অতঃপর বোর্ডের অনুমোদন সাপেক্ষে সংশোধনী কার্যকর হবে এবং সংশোধিত তথ্যাবলি কলেজ কর্তৃপক্ষ অনলাইনে দেখতে পাবেন।

বোর্ডের নির্ধারিত ফি নিম্নরূপ

ক্রমিক	বিবরণ	নির্ধারিত ফি (টাকা)
০১	প্রতি বিষয় পরিবর্তন	৫০০
০২	গ্রুপ পরিবর্তন	১০০০
০৩	ভর্তি বাতিল	৮০০

শিফট, ভাসন, ছবি পরিবর্তনের জন্য কোন ফি লাগবে না।

বোর্ডের ওয়েবসাইট হতে সংগৃহীত ভর্তি বাতিলের ফরম পূরণ করে জমা দিতে হবে।


কলেজ পরিদর্শক

(শেখ মোঃ হাবিবুর রহমান)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

অধ্যক্ষ,
এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়।